


## পঞ্চম অধ্যায়

# ছোটদের শিষ্টাচার শিক্ষা

## পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

- **মানবীয় গুণাবলি :** মানুষ হিসেবে যে আচরণগুলো আমরা সবাই একে অপরের কাছে আশা করি তাই মানবীয় আচরণ বা গুণাবলি। যেমন– সহযোগিতা, সহানুভূতিশীলতা, সহমর্মিতা, ধৈর্যশীলতা, নম্রতা–ভদ্রতা, বিনয় ইত্যাদি।
- **শিষ্টাচার :** অপরের সুবিধা–অসুবিধা দেখা, অপরের মতামত, অনুভূতির প্রতি সম্মান দেখানো এবং রবচিসম্মত ব্যবহারই শিষ্টাচার।
- **বয়োজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধা :** যারা বয়সে বড় তাঁদের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো নৈতিক দায়িত্ব এবং এটা ভদ্রতামূলক আচরণ।
- **শিরকের প্রতি সম্মান :** শিরক হচ্ছেন মানুষ গড়ার কারিগর। তার প্রতি প্রকৃত সম্মান ও শ্রদ্ধাবোধ নিয়েই পাঠ গ্রহণ করতে হবে।
- **সমবয়সীদের প্রতি আচরণ :** সমবয়সী বন্ধুদের কাজে কর্মে ধৈর্যশীল এবং তাদের কষ্টে সহানুভূতিশীল হতে হবে।
- **ছোটদের প্রতি দায়িত্ব ও স্নেহ :** ছোটদের স্নেহ ও ভালোবাসা দিতে হবে। ভালো কাজের উপদেশ দিতে হবে, খেলাধুলা করতে হবে, রাস্তা পারাপারের সময় সাহায্য করতে হবে।
- **প্রতিবন্ধীদের প্রতি আচরণ :** প্রতিবন্ধী শিশুদের সাথে সবসময় ভালো ব্যবহার করতে হবে, সঙ্গ দিতে হবে, প্রয়োজনে সহযোগিতা করতে হবে।
- **পারিবারিক গোপনীয়তা রবা :** যে বিষয়গুলো পরিবারের বাইরের কেউ জানলে পরিবারের সম্মান নষ্ট হতে পারে সেগুলো গোপন রাখা উচিত।

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. শিষ্টাচারের মাধ্যমে কী প্রকাশ পায়?**
ক সৃজনশীলতা　খ দৈহিক সৌন্দর্য
গ বুদ্ধিমত্তা　● অন্তরের সৌন্দর্য

**২. বন্ধুত্বের সবচেয়ে বড় পরিচয় কী?**
ক সহানুভূতি　খ সহযোগিতা করা
গ ভালো ব্যবহার করা　● পরস্পরের প্রতি বিশ্বাস

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :**
রনি তার বন্ধুদের সাথে খেলা করছে। দুইটি দুষ্ট ছেলে খেলতে চাইলে কেউ নিতে চাইল না। কিন্তু রনি বলল আজ আমি খেলা দেখি আর ওদের দুইজনকে খেলায় নাও। রনি তাদের বলেছিল খেলার নিয়মকানুন মেনে চলতে হবে।

**৩. রনির এ মনোভাবে কিসের প্রকাশ ঘটে?**
● স্বার্থত্যাগ　খ সহানুভূতিশীলতা
গ ন্যায়বোধ　ঘ আদর্শবোধ

**৪. দুষ্ট ছেলেদের মানসিকতায় যে পরিবর্তন ঘটতে পারে–**
i. হিংসা বিদ্বেষ দূর হওয়া
ii. নৈতিকতার উন্নয়ন ঘটা
iii. সহযোগিতার মনোভাব সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii
গ i ও ii　● i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : মানবীয় গুণাবলি ■ পৃষ্ঠা–৩৪

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. ভাব বিনিময় ও যোগাযোগের মাধ্যমে কী প্রকাশ পায়?** (জ্ঞান)
ক নৈতিকতা　● শিষ্টাচার　গ অধ্যবসায়　ঘ সৃজনশীলতা

**৬. শিষ্টাচার কীসের প্রতীক?** (জ্ঞান)
● সভ্যতার　খ জ্ঞানের　গ সৌন্দর্যের　ঘ অভ্যাসের

**৭. কীভাবে মানুষের মনের সুন্দর দিকগুলো ফুটে ওঠে?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● শিষ্টাচারের মাধ্যমে　খ খেলাধুলার মাধ্যমে
গ পড়াশোনার মাধ্যমে　ঘ সহযোগিতার মাধ্যমে

**৮. কখন থেকে শিষ্টাচার শিখতে হয়?** (জ্ঞান)
● শৈশবকাল　খ বৃদ্ধ বয়স　গ যৌবনকাল　ঘ পরিণত বয়স

**৯. আমরা সবাই আমাদের জীবনকে সুন্দর ও সাফল্যময় করে তুলতে চাই। এ লর্য অর্জনে আমাদের কী করণীয়?** (উচ্চতার দরতা)
ক ভালোভাবে লেখাপড়া করা　খ প্রচুর ধনসম্পদ অর্জন করা
গ সুন্দর পোশাক পরা　● শিষ্টাচারী হওয়া

**১০. শিষ্টাচারী হতে হবে কেন?** [সরকারি করোনেশন মাধ্যমিক বিদ্যালয়, খুলনা]
ক সমাজ গড়তে　খ সমাজে বাস করতে
গ শিরা লাভ করতে　● উন্নত জাতি হিসেবে প্রতিষ্ঠিত হতে

**১১. মানুষ হিসেবে যে আচরণগুলো আমরা সবাই একে অপরের কাছে আশা করি তাকে কী বলে?** (জ্ঞান)
ক শিষ্টাচার　● মানবীয় গুণাবলি　গ স্বার্থপরতা　ঘ বুদ্ধিমান

**১২. মানবীয় গুণাবলির উদাহরণ কোনটি?** (অনুধাবন)
ক ধনসম্পদ　খ উন্নত গৃহ　গ বুদ্ধিহীনতা　● সহমর্মিতা

**১৩. মানবীয় গুণাবলি কোথা থেকে অর্জিত হয়?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
● পরিবার　খ সভা–সমিতি
গ খেলার সাথী　ঘ আত্মীয়–স্বজন

**১৪. মানবীয় গুণাবলি সহজে কীভাবে বিকাশ লাভ করে?** [সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়]
ক কথা বলার মাধ্যমে　খ কাজের মাধ্যমে
● দলগত খেলার মাধ্যমে　ঘ আলোচনার মাধ্যমে

**১৫. মানবীয় গুণাবলি কোন কাজটি করে?** (জ্ঞান)
ক আর্থিক অবস্থা উন্নত করে　● চরিত্রকে উন্নত করে
গ বাহ্যিক সৌন্দর্য বৃদ্ধি করে　ঘ সুস্বাস্থ্য নিশ্চিত করে

**১৬. সুমন টাকার অভাবে পরীরা দিতে পারছিল না, শফিক তাকে টাকা দিল। এতে শফিকের কোন গুণটি প্রকাশ পেয়েছে?**

[খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক ধৈর্যশীলতা খ নম্রতা ● সহযোগিতা ঘ ভদ্রতা

**১৭. ইমা ষষ্ঠ শ্রেণির ছাত্রী। সে কীভাবে উদারতা প্রকাশ করতে পারে?** (প্রয়োগ)

ক সহযোগিতা করে ● নিজ স্বার্থ ত্যাগ করে
গ লেখাপড়া করে ঘ ঘরের কাজ করে

**১৮. বিনয় প্রকাশের মাধ্যম কোনটি?** (অনুধাবন)

ক বড়দের কথা শোনা খ নিজের মত গোপন রাখা
গ বড়দের সামনে চুপ থাকা ● নিজের ভুলের জন্য ৰমা চাওয়া

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. শিষ্টাচার হলো–** (অনুধাবন)

i. রবচিসম্মত ব্যবহার
ii. অপরের সুবিধা অসুবিধা দেখা
iii. অপরের মতামতকে সম্মান দেখানো

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**২০. নিজেকে শিষ্টাচারী হিসেবে গড়ে তোলার আবশ্যকতা হলো–** (অনুধাবন)

i. সুন্দর জীবন লাভ
ii. জীবনের লৰ্য অর্জন
iii. উন্নত জাতি হিসেবে প্রতিষ্ঠা লাভ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**২১. সমাজে যে গুণগুলো বজায় থাকলে শিষ্টাচার প্রকাশ পাবে–** (অনুধাবন)

i. শ্রদ্ধাবোধ ii. শালীনতা
iii. আদব কায়দা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**২২. মানুষ হিসেবে আমরা একে অপরের কাছ থেকে আশা করি–** (অনুধাবন)

i. ভদ্রতা ii. সহযোগিতা
iii. দাম্ভিকতা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৩. আমাদের মানবীয় গুণগুলো প্রকাশ পায়–** (অনুধাবন)

i. পরিবারের সাথে মেলামেশার মাধ্যমে
ii. আত্মীয়–স্বজনের সাথে মেলামেশার মাধ্যমে
iii. বন্ধু–বান্ধবের সাথে মেলামেশার মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**২৪. রাশেদ দলগতভাবে খেলে। তাকে তার দলের প্রতি–** (প্রয়োগ)

i. সহানুভূতিশীল হতে হবে
ii. ধৈর্যশীল হতে হবে
iii. বন্ধুভাবাপন্ন হতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**২৫. সমাজে নীতি নৈতিকতা সৃষ্টি হয়–** (অনুধাবন)

i. ন্যায়–অন্যায় জ্ঞান থাকলে
ii. অভদ্র আচরণ করলে
iii. অপরের মঙ্গল কল্যাণের প্রচেষ্টা থাকলে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**

রহিম ছোটবেলা থেকেই সকলের সাথে ভদ্র, নম্র আচরণ করে। বড়দের সাথে শ্রদ্ধা, শালীনতা ও আদব-কায়দা বজায় রেখে কথা বলে। ছোটদের আদর ও স্নেহ করে। তাই সকলে তাকে ভালোবাসে।

**২৬. রহিমের আচরণে কী প্রকাশ পায়?** (প্রয়োগ)

● শিষ্টাচার খ বদভ্যাস গ নৈতিকতা ঘ দুষ্টুমি

**২৭. সব কিশোর–কিশোরী যদি রহিমের মতো হয় তাহলে–** (উচ্চতার দৰতা)

i. দেশের কল্যাণ হবে
ii. জাতির কল্যাণ হবে
iii. সভ্যতার উন্নয়ন ঘটবে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# পাঠ ২ : বয়োজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধা ও শিক্ষকের প্রতি সম্মান ■ পৃষ্ঠা–৩৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২৮. বড়দের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো কীরূ প আচরণ?** (জ্ঞান)

ক নম্র আচরণ ● ভদ্রতামূলক আচরণ
গ সহযোগী আচরণ ঘ ধৈর্যশীল আচরণ

**২৯. বড়দের আদেশ-উপদেশ মেনে চলাকেই তাদের প্রতি কী বোঝায়?** (জ্ঞান)

ক যত্নশীল হওয়া ● শ্রদ্ধাশীল হওয়া
গ স্নেহশীল হওয়া ঘ পরনির্ভরশীল হওয়া

**৩০. বড়দের ভালোবাসা পাবার উপায় কোনটি?** (অনুধাবন)

ক স্কুলে যাওয়া খ লেখাপড়া করা
গ ভালো কাজ করা ● তাদের প্রতি শ্রদ্ধাশীল হওয়া

**৩১. ভালোবাসা কোথা থেকে জন্ম নেয়?** (জ্ঞান)

ক আদর ● শ্রদ্ধা গ সাহায্য ঘ সুখ

**৩২. বড়রা যখন কথা বলে তখন আমাদের কী করা উচিত?** (অনুধাবন)

● মন দিয়ে তাদের কথা শোনা খ তাদের কথার উপর কথা বলা
গ তাদের কথায় কান না দেওয়া ঘ চুপ করে বসে থাকা

**৩৩. অনেক সময় বড়দের কোনো কথা বা কাজ পছন্দ নাও হতে পারে। সেৰেত্রে আমাদের করণীয় কী?** (উচ্চতর দৰতা)

ক অসম্মানের সাথে নিজেদের মত জানিয়ে দেওয়া
● সম্মানের সাথে নিজেদের মত জানিয়ে দেওয়া
গ ধমক দিয়ে নিজেদের মত জানিয়ে দেওয়া
ঘ তাদের কথা না শুনে চলে যাওয়া

**৩৪. আয়েশা তার দাদির কাছে গল্প শুনতে পছন্দ করে। এতে করে সে কী অর্জন করতে পারে?** (প্রয়োগ)

ক রবচি খ অভ্যাস ● জ্ঞান ঘ শিৰা

**৩৫. বড়দের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করলে সামাজিক জীবন কেমন হবে?** (অনুধাবন)

ক উন্নত খ সুশৃঙ্খল ● সুন্দর ও সুশৃঙ্খল ঘ মনোরম

**৩৬. মানুষ গড়ার কারিগর কে?** (জ্ঞান)

ক মা খ বাবা গ ডাক্তার ● শিৰক

**৩৭. পিতা-মাতার পরেই কার স্থান?** (জ্ঞান)

ক দাদা-দাদির খ নানা-নানির গ বন্ধু–বান্ধবের ● শিৰকের

**৩৮. শিৰকের কাছে ছাত্ররা কেমন?** (অনুধাবন)

ক বন্ধুতুল্য ● সন্তানতুল্য গ শত্রবতুল্য ঘ ভাইপোতুল্য

**৩৯. শিৰক যখন ক্লাসে পড়ান তখন আমাদের কী করা উচিত?** (অনুধাবন)

ক কথা বলা খ অমনোযোগী হওয়া
● মনোযোগী হওয়া ঘ গোলমাল করা

**৪০. শিৰকের সাথে আমাদের সম্পর্ক কীরূ প হওয়া উচিত?** (অনুধাবন)

ক আদর ও স্নেহের খ ভালোবাসার
● ঘনিষ্ঠ ও সম্মানজনক ঘ বন্ধুভাবাপন্ন

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪১. বড়দের প্রতি সম্মান দেখানো আমাদের–** (অনুধাবন)

i. নৈতিক দায়িত্ব
ii. প্রাতিষ্ঠানিক দায়িত্ব
iii. ভদ্রতামূলক আচরণ

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪২. বয়োজ্যেষ্ঠদের প্রতি শ্রদ্ধা প্রকাশের উপায় হলো–** (অনুধাবন)

i. সালাম বা অভিবাদন জানানো
ii. তাদের উপদেশ মেনে চলা
iii. কথার মাঝে কথা বলা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৪৩. বাড়িতে বৃদ্ধ দাদা-দাদি, নানা-নানি থাকলে তাদের–** (অনুধাবন)

i. সেবা করতে হবে
ii. সজা দিতে হবে

iii. তাদের সাথে গল্প করতে হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

**৪৪. শিৰকের প্রতি আমাদের কর্তব্য হলো–** (অনুধাবন)
i. তার আদর্শ মেনে চলা
ii. সম্মান করা
iii. ভদ্র আচরণ করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

**৪৫. স্কুলে উন্নত ও কাঙ্ক্ষিত শিৰা পরিবেশ সকলেরই কাম্য। এরূ প পরিবেশ সৃষ্টিতে ছাত্রছাত্রীদের যা করণীয়–** (উচ্চতর দৰতা)
i. স্কুলের নিয়মকানুন মেনে চলা
ii. সকল শিৰকদের সম্মান ও শ্রদ্ধা করা
iii. ক্লাসের পাঠে অত্যন্ত মনোযোগী হওয়া
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪৬ ও ৪৭ নং প্রশ্নের উত্তর দাও :**
রাফী ৬ষ্ঠ শ্রেণির ছাত্র। ছোটবেলা থেকেই সে দাদা-দাদি, নানা-নানির সেবা করে। ছুটি পেলেই সে গ্রামে ফিরে যায় এবং তাদের সাথে দিন কাটায়। তাই তারা তাকে ভালোবাসেন।

**৪৬. রাফীর আচরণে কী ফুটে উঠেছে?** (প্রয়োগ)
● বড়দের প্রতি সম্মান ⓛ বড়দের প্রতি স্নেহ
ⓜ বড়দের প্রতি অবহেলা ⓝ বড়দের প্রতি হিংসা

**৪৭. উক্ত আচরণ রাফীর সামাজিক জীবনকে করবে–** (উচ্চতর দৰতা)
i. সুন্দর ii. সুশৃঙ্খল
iii. দাম্ভিকতাপূর্ণ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

## পাঠ ৩ : সমবয়সীদের প্রতি আচরণ, ছোটদের প্রতি দায়িত্ব ও স্নেহ ■ পৃষ্ঠা–৩৮

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৮. আমরা সবাই কী প্রিয়?** (জ্ঞান)
● সঙ্গ ⓛ একাকিত্ব ⓜ রসিকতা ⓝ ক্রোধ

**৪৯. জীবনকে সুন্দর করা যায় কীভাবে?** (অনুধাবন)
ⓚ বেশি অর্থ উপার্জন করে ⓛ দামি পোশাক পরিধান করে
● পরস্পর মিলেমিশে বসবাস করে ⓝ আধুনিক জীবনযাপনে অভ্যস্ত হয়ে

**৫০. পরস্পরের প্রতি আকর্ষণ সবচেয়ে বেশি থাকে কাদের মধ্যে?** (অনুধাবন)
ⓚ ছোট ও বড়দের মধ্যে ● সমবয়সীদের মধ্যে
ⓜ যুবক-বৃদ্ধের মধ্যে ⓝ কিশোর ও কিশোরীর মধ্যে

**৫১. সমবয়সীদের মধ্যে কীসের মিল থাকে?** (জ্ঞান)
ⓚ কথার ● মনের ⓜ হাসির ⓝ চেহারার

**৫২. যাদের মধ্যে মনের মিল বেশি তাদের মধ্যে কীসের সৃষ্টি হয়?** (জ্ঞান)
● বন্ধুত্বের ⓛ শত্রৰতার
ⓜ আত্মনির্ভরশীলতার ⓝ পরনির্ভরশীলতার

**৫৩. বন্ধু নির্বাচনের ৰেত্রে গুরবত্বপূর্ণ বিষয় কোনটি?** (জ্ঞান)
ⓚ আত্মবিশ্বাস ⓛ প্রতিযোগিতা
● একে অপরের প্রতি বিশ্বাস ⓝ অনুকরণ

**৫৪. মলি ও বুলি সমবয়সী। এদের মধ্যে কীসের প্রতিযোগিতা আছে?** (প্রয়োগ)
● পড়াশোনার ⓛ বন্ধু নির্বাচনের
ⓜ পোশাক পরিধানের ⓝ প্রশংসা অর্জনের

**৫৫. সামাজিকীকরণ প্রক্রিয়ায় কোন বয়সের অনেক চাহিদা মা-বাবা, শিৰক পূরণ করতে পারেন না?** (জ্ঞান)
ⓚ শৈশবের ● কৈশোর বয়সের
ⓜ যৌবনকালের ⓝ বার্ধক্যের

**৫৬. সামাজিকীকরণ প্রক্রিয়ায় কৈশোর বয়সে কারা গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে?** (জ্ঞান)
ⓚ মা–বাবা ⓛ শিৰক ● সমবয়সী বন্ধু ⓝ আত্মীয়

**৫৭. ছোটদের সামনে ভালো ভালো কাজের দৃষ্টান্ত উপস্থাপন করার যুক্তিসংগত কারণ কী?** (উচ্চতর দৰতা)
ⓚ ছোটরা নীতিবান ● ছোটরা অনুকরণপ্রিয়
ⓜ ছোটরা ভালো–মন্দের পার্থক্য বোঝে ⓝ ছোটরা ভালো কাজ করতে অধিক আগ্রহী

**৫৮. অন্যের কষ্টে আমাদের কী করা উচিত?** (অনুধাবন)
● সহানুভূতি দেখানো ⓛ ধৈর্যধারণ করা
ⓜ ভালোবাসা দেওয়া ⓝ এড়িয়ে চলা

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৯. সমবয়সীদের মধ্যে মিল থাকে–** (অনুধাবন)
i. বয়সের
ii. মনের
iii. দৰতার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**৬০. বন্ধুদের মধ্যে তারাই উত্তম–** (অনুধাবন)
i. যাদের আচরণ ভালো
ii. যারা নিয়ম মেনে চলে
iii. যারা অন্যের ৰতি করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

**৬১. ছোট ভাইবোনদের প্রতি শাকিলার দায়িত্ব–** (প্রয়োগ)
i. তাদেরকে স্নেহ ও ভালোবাসা দেয়া
ii. তাদের ভালো কাজের উপদেশ দেয়া
iii. তাদের মধ্যে ন্যায়–অন্যায়বোধ জাগ্রত করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬২ ও ৬৩নং প্রশ্নের উত্তর দাও :**
মিঠু ও মিনু দুজনে ভালো বন্ধু। পড়াশোনায় তাদের মধ্যে রয়েছে প্রতিযোগিতা। তারপরও তারা একে অপরকে সাহায্য করে, বিশ্বাস করে এবং বড়দের সম্মান ও ছোটদের স্নেহ করে। এজন্য সহপাঠীদের সবাই তাদের পছন্দ করে।

**৬২. মিঠু ও মিনুর মধ্যে ভালো বন্ধুত্ব হওয়ার কারণ কী?** (প্রয়োগ)
● মনের মিল ⓛ উচ্চতার মিল ⓜ কথার মিল ⓝ চেহারার মিল

**৬৩. মিঠু ও মিনু সহপাঠীদের ভালোবাসা অর্জনে সফল হয়েছে। কারণ–** (উচ্চতর দৰতা)
i. তারা আদর্শবান
ii. তাদের মনোভাব সহযোগিতাপূর্ণ
iii. তারা একে অপরের প্রতি বিশ্বাসী
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ● i, ii ও iii

## পাঠ ৪ : প্রতিবন্ধীদের প্রতি আচরণ, পারিবারিক গোপনীয়তা রক্ষা ■ পৃষ্ঠা–৪০

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৪. যাদের হাত–পা, চোখ–কান নেই তাদের কী বলা হয়?**
[সরকারি করোনেশন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, খুলনা]
ⓚ স্বাভাবিক মানুষ ⓛ বুদ্ধিমতি
ⓜ সুস্থ মানুষ ● প্রতিবন্ধী

**৬৫. প্রতিবন্ধীদের জীবন কেমন?** (অনুধাবন)
ⓚ আরামদায়ক ● কষ্টকর ⓜ স্বস্তিদায়ক ⓝ সুখের

**৬৬. যাদের হাত–পা নাই তারা কোন ধরনের প্রতিবন্ধী?** (অনুধাবন)
● শারীরিক ⓛ মানসিক ⓜ দৃষ্টি ⓝ বাক

**৬৭. যারা চোখে দেখে না তারা কোন ধরনের প্রতিবন্ধী?** (অনুধাবন)
ⓚ বাক ● দৃষ্টি ⓜ আলো ⓝ বুদ্ধি

**৬৮. পারিবারিক গোপনীয়তা রৰা না করলে কী হয়?** (জ্ঞান)
ⓚ মানসম্মান বৃদ্ধি পায় ● মানসম্মান নষ্ট হয়
ⓜ মানসম্মান রৰা পায় ⓝ ভাবমূর্তি বৃদ্ধি পায়

**৬৯. আমাদের সুন্দর আচরণ প্রতিবন্ধীদের কীরূ প উপকার করে?** (অনুধাবন)
● সামনে এগিয়ে যেতে প্রেরণা দেয় ⓑ পেছনে ফিরে আসতে সাহায্য করে
ⓒ স্থিতিশীলতা দান করে ⓓ জীবনে পরিবর্তন আনে

**৭০. পরিবারের সদস্যদের মধ্যে অনেক সময় কী দেখা দিতে পারে?** (জ্ঞান)
ⓐ সহযোগিতার অভাব ● মতবিরোধ
ⓒ দূরত্ব ⓓ প্রতিযোগিতা

**৭১. মালতি একজন প্রতিবন্ধী। তার প্রতি আমাদের কীরূ প আচরণ করা উচিত?** (প্রয়োগ)
● সুন্দর ⓑ খারাপ ⓒ অভদ্র ⓓ ধমকপূর্ণ

**৭২. অর্থসংক্রান্ত ও মূল্যবান সম্পদ সংক্রান্ত পারিবারিক গোপনীয়তা সম্পর্কে জানলে আমাদের করণীয় কী?** (উচ্চতর দৰতা)
ⓐ অন্যকে সে বিষয়ে জানাতে হবে ⓑ বন্ধুর সাথে শেয়ার করতে হবে
● নিজের মধ্যে গোপন রাখতে হবে ⓓ শত্রবদের বলে দিতে হবে

**৭৩. পারিবারিক সম্পর্ক উন্নয়নে কাদের সাথে খোলামেলা আলোচনা করা উচিত?** (অনুধাবন)
ⓐ সমবয়সী ⓑ প্রতিবেশী
● মা–বাবা ⓓ AvZ¥xq¯^Rb

**৭৪. প্রতিবন্ধীদের সাথে কীরূ প আচরণ করলে তারা নিজেদেরকে অসহায় মনে করবে?** (অনুধাবন)
ⓐ সহযোগিতাপূর্ণ ● প্রতিযোগিতাপূর্ণ
ⓒ সহমর্মিতাপূর্ণ ⓓ আন্তরিকতাপূর্ণ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৫. প্রতিeÜxদের প্রতি আমাদের দায়িত্ব হলো–** (অনুধাবন)
i. সজ্ঞা দেয়া
ii. ভালো ব্যবহার করা
iii. রাস্তা পারাপারে সাহায্য করা
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

**৭৬. পরিবারের গোপন বিষয়গুলো বাইরের মানুষ জানলে–** (অনুধাবন)
i. পরিবারের নিরাপত্তা নষ্ট হয়
ii. বিপদ ঘটার সম্ভাবনা থাকে
iii. পরিবারের লাভ হয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ⓓ i, ii ও iii

**৭৭. পরিবারের সদস্যদের মধ্যে থাকে–** (অনুধাবন)
i. প্রতিযোগিতা
ii. নিবিড় যোগাযোগ
iii. ভালোবাসার দৃঢ় বন্ধন
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭৮ ও ৭৯ নং প্রশ্নের উত্তর দাও :**
আনিস একজন AÜ ছাত্র। সে চোখে দেখতে পায় না। কিন্তু তার পড়ালেখা করার ইচ্ছা আছে। তাই প্রতিবেশী ও সহপাঠী ফরহাদ তাকে প্রতিদিন স্কুলে নিয়ে যায়। তাই আনিস ফরহাদের ওপর খুব খুশি।

**৭৮. ফরহাদের আচরণে কোনটি ফুটে উঠেছে?** (প্রয়োগ)
● প্রতিবন্ধীর প্রতি সুন্দর আচরণ
ⓑ প্রতিবন্ধীর প্রতি খারাপ আচরণ
ⓒ প্রতিবন্ধীর প্রতি সহমর্মিতা
ⓓ প্রতিবন্ধীর প্রতি অনৈতিকতা

**৭৯. ফরহাদের আচরণ আনিসকে সাহায্য করবে–** (উচ্চতর দৰতা)
i. স্বাবলম্বী হতে ii. পড়াশোনা শিখতে
iii. সামর্থ্য অনুযায়ী কাজ করতে
**নিচের কোনটি সঠিক?**
ⓐ i ও ii ⓑ i ও iii ⓒ ii ও iii ● i, ii ও iii

# অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**
৬ষ্ঠ শ্রেণির কনক যথাসময়ে ক্লাসে আসে। ক্লাস শুরব হলে কনক প্রথম সারিতে বসে ক্লাস করছে। কিছুৰণ পর সাহিদা ক্লাসে ঢুকে দেখে প্রথম সারির বেঞ্চে জায়গা নেই। তখন সে কনকের ব্যাগটি ২য় সারির বেঞ্চে রেখে কনককে যেতে বলে। কনক প্রথমে অসন্তুষ্ট হলেও শ্রেণিতে সমস্যা সৃষ্টি হবে ভেবে ২য় সারিতে চলে যায়। শ্রেণিশিৰক বিষয়টি লৰ করেন এবং বলেন, প্রত্যেকের পড়ালেখার সাথে সাথে উন্নত মানবীয় গুণাবলির অধিকারী হওয়া উচিত।

ক. মানবীয় আচরণ কাকে বলে?
খ. দলগত খেলার মাধ্যমে মানবীয় গুণাবলি সহজে বিকাশ লাভ করে কেন?
গ. কনকের ব্যবহারে কোন ধরনের শিৰার প্রভাব দেখা যায়– ব্যাখ্যা কর।
ঘ. শিৰকের বক্তব্যের আলোকে সাহিদার ব্যবহারকে মূল্যায়ন কর।

### ▶◀ ১নং প্রশ্নের উত্তর ▶◀

ক. মানুষ হিসেবে যে আচরণগুলো আমরা সবাই একে অপরের কাছে আশা করি তাকেই মানবীয় আচরণ বলে।

খ. দলগত খেলায় একে অপরকে সহযোগিতা করতে হয়। খেলার নিয়মকানুন মেনে সততা ও ন্যায়পরায়ণতার পরিচয় দিতে হয়। দলের প্রতি বিনয়ী, সহানুভূতিশীল, ধৈর্যশীল এবং বন্ধুভাবাপন্ন হতে হয়। নিজ স্বার্থ ত্যাগ করে উদারতা দেখাতে হয়। তাই বলা হয়, দলগত খেলার মাধ্যমে মানবীয় গুণাবলি সহজে বিকাশ লাভ করে।

গ. কনকের ব্যবহারে শিষ্টাচার তথা মানবীয় গুণাবলির প্রভাব দেখা যায়। শিষ্টাচার বলতে অপরের সুবিধা–অসুবিধা দেখা, অপরের মতামত, অনুভূতির প্রতি সম্মান দেখানো এবং রবচিসম্মত ব্যবহার বোঝায়। উদ্দীপকের কনক ক্লাসে প্রথম বেঞ্চে বসেছে। কিছুৰণ পরে তার সহপাঠী সাহিদা কনকের ব্যাগ ২য় সারিতে রেখে তাকে সেখানে বসতে বলে। আসলে সঠিক বিচারে কনকই ১ম বেঞ্চে বসার অধিকারিণী। কারণ সে প্রথমে বসেছে। কিন্তু সে বিশৃঙ্খলা ও সমস্যা হওয়ার আশঙ্কায় ২য় বেঞ্চে গিয়ে বসে। এর মাধ্যমে তার ধৈর্যশীলতা, নম্রতা, ভদ্রতা, বিনম্র, উদারতা, বন্ধুভাবাপন্ন

ইত্যাদি গুণের প্রকাশ পেয়েছে। আর তাই সাহিদার আচরণ তার কাছে খারাপ লাগলেও সে অত্যন্ত ধৈর্যের সাথে পরিস্থিতি মোকাবিলা করে শ্রেণিকৰের পরিবেশ ঠিক রেখেছে। সুতরাং আমরা বলতে পারি, কনকের আচরণে মানবীয় গুণাবলির বহিঃপ্রকাশ ঘটেছে।

ঘ. উদ্দীপকে শিৰক সাহিদার ব্যবহার লৰ করে বলেন, "প্রত্যেকের লেখাপড়ার সাথে সাথে উন্নত মানবীয় গুণাবলির অধিকারী হওয়া উচিত।" তার এরূপ মন্তব্য করার কারণ হলো সাহিদার অমানবীয় আচরণ। সে দেরি করে ক্লাসে আসায় ১ম সারির বেঞ্চে বসার কোনো জায়গা পেল না। এ অবস্থায় তার উচিত ছিল অন্য কোনো সারির বেঞ্চে বসা। কিন্তু সে তা না করে তার সহপাঠী কনকের ব্যাগটি ১ম সারির বেঞ্চ থেকে তুলে দ্বিতীয় সারিতে রাখল এবং কনককে সেখানে গিয়ে বসতে বলল। তার এরূপ ব্যবহারের মধ্য দিয়ে তার মনের হিংসা, বিদ্বেষ, অহমিকা প্রভৃতি নেতিবাচক দিকগুলোই প্রকাশ পায়। কিন্তু ছাত্র অবস্থায় আমাদের প্রত্যেকেরই উচিত অন্যকে সাহায্য-সহযোগিতা করা, অন্যের সাথে ভদ্রতা ও নম্রতা বজায় রেখে কথা বলা, বন্ধুর প্রতি সহানুভূতিশীল হওয়া মনোভাব ইত্যাদি গুণাবলিও একজন ছাত্র/ছাত্রীর থাকা উচিত। কিন্তু সাহিদার মধ্যে এসব গুণের অভাব রয়েছে।

**প্রশ্ন -২ ▶ নিচের চিত্রটি দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :**



ক. মানুষ গড়ার কারিগর কে?

খ. বড়দের প্রতি কিভাবে শ্রদ্ধাশীল হওয়া যায়– বুঝিয়ে লিখ।

গ. চিত্রে নির্দেশিত বালকটির আচরণ কোন ধরনের শিষ্টাচারকে নির্দেশ করে– ব্যাখ্যা কর।

ঘ. বালকটির এই আচরণ সমাজে সকলের মাঝে সুসম্পর্ক তৈরিতে সহায়ক– আলোচনা কর।

### ২নং প্রশ্নের উত্তর

ক. শিৰক হলেন মানুষ গড়ার কারিগর।

খ. বড়দের প্রতি শ্রদ্ধাশীল হওয়া বলতে তাদের আদেশ উপদেশ মেনে চলাকেই বোঝায়। বড়দের প্রতি বিভিন্নভাবে শ্রদ্ধাশীল হওয়া যায়। যেমন– বয়োজ্যেষ্ঠদের দেখলে সালাম বা অভিবাদন জানিয়ে কুশল বিনিময় করা, তাদের কথা মন দিয়ে শোনা, তাদের কোনো কথা বা কাজ পছন্দ না হলে সম্মানের সাথে মতামত জানানো ইত্যাদি।

গ. চিত্রে নির্দেশিত বালকটির আচরণে প্রতিবন্ধীদের প্রতি সহযোগিতার মনোভাব নির্দেশ করে। আমরা আমাদের চারপাশে এমন কিছু মানুষ দেখি যাদের হাত-পা নেই, চোখে দেখে না, কানে শোনে না, কথা বলতে পারে না, দেহের গঠন স্বাভাবিক নয়, বুদ্ধি কম। এরা হলো প্রতিবন্ধী। আমাদের সুন্দর আচরণই প্রতিবন্ধীদের সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা দিবে। তাই তারা যাতে অবহেলিত না হয়, যাতে সমাজের একজন হতে পারে, নিজের সামর্থ্য অনুযায়ী কাজ করতে পারে, পড়াশোনা শিখতে পারে সেজন্য এদের প্রতি আমাদের সবার দায়িত্ব রয়েছে। চিত্রের বালকটি অন্ধ লোকটিকে পথ চলতে সাহায্য করছে। এতে তার উন্নত মানবীয় গুণাবলি তথা সহযোগিতাপূর্ণ আচরণের নিদর্শন পাওয়া যায়।

ঘ. চিত্রে দেখা যাচ্ছে, একটি বালক একজন অন্ধ লোককে রাস্তা পারাপারে সাহায্য করছে। বালকটির এই আচরণ সমাজে সবার মাঝে সুসম্পর্ক তৈরিতে সহায়ক। কেননা যে অন্ধলোককে সহযোগিতা করেছে সে অবশ্যই তার মঙ্গল কামনা করবে। এতে তাদের পরস্পরের মধ্যে সম্প্রীতি সৃষ্টি হবে। আমাদের সমাজে অনেক দৃষ্টিপ্রতিবন্ধী, শ্রবণ ও বাক প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী শিশু রয়েছে। তাদের সাথে আমরা সব সময় ভালো ব্যবহার করব, প্রয়োজনে সহযোগিতা করব, খেলাধুলা করব, সঙ্গ দিব, রাস্তাঘাট পারাপারের সময় সাহায্য করব। তাদের সাথে এমন আচরণ করব যাতে তারা নিজেদের অসহায় মনে না করে। এতে করে তাদের সাথে আমাদের সুসম্পর্ক গড়ে উঠবে। সমাজে সবার সাথে সবার বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে উঠবে। তাই সমাজে শান্তিময় সুন্দর পরিবেশ সৃষ্টি করতে আমরা প্রতিবন্ধী ও অসহায় লোকদের যথাসম্ভব সহযোগিতা করব।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন -৩ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মনিদের গ্রামের বাড়ি পঞ্চগড়ে। প্রতিবারই সেখানে প্রচন্ড শীত পড়ে। এ বছর মনি ও তার বন্ধুরা তাদের গ্রামে দরিদ্র, শীতার্ত মানুষদের সাহায্য করতে এগিয়ে আসল। তারা বাড়ি বাড়ি গিয়ে পুরাতন শীতবস্ত্র সংগ্রহ করল। তারপর সেগুলো দরিদ্র মানুষের মাঝে বিতরণ করল। মনি ও তার বন্ধুদের সহযোগিতার ফলে শীতার্ত মানুষগুলোর উপকার হলো। তারা মনে করে, জীবনকে সুন্দর ও সাফল্যময় করতে হলে শিষ্টাচারী হওয়া প্রয়োজন।

ক. কোন সময় থেকে শিষ্টাচারের চর্চা করতে হয়? ১

খ. মানবীয় গুণাবলি অর্জন করা প্রয়োজন কেন? ২

গ. মনি ও তার বন্ধুদের মধ্যে কোন ধরনের আচরণ প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "জীবনকে সুন্দর ও সাফল্যময় করতে হলে শিষ্টাচারী হওয়া প্রয়োজন।"–উদ্দীপকে উলিরখিত মতামতটির গুরবত্ব বিশেরষণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. শৈশবকাল থেকে শিষ্টাচারের চর্চা করতে হয়।

খ. মানুষ হিসেবে যে আচরণগুলো আমরা একে অপরের কাছে আশা করি তাই মানবীয় আচরণ বা গুণাবলি। যেমন–সহযোগিতা, সহানুভূতিশীলতা, নম্রতা, ভদ্রতা ইত্যাদি। পরিবার থেকে অর্জিত এসব গুণ আমাদের চরিত্র উন্নত করে। ফলে আমরা সৃষ্টিকর্তাসহ সব মানুষের প্রিয় হতে পারি। তাই সৃষ্টিকর্তা ও মানুষের ভালোবাসা অর্জনের লৰ্যে আমাদের মানবীয় গুণাবলি অর্জন করা প্রয়োজন।

গ. মনি ও তার বন্ধুদের মধ্যে মানবীয় গুণাবলির প্রকাশ পেয়েছে। বিনয়, সহযোগিতা, সহানুভূতিশীলতা, সহমর্মিতা, ধৈর্যশীলতা ইত্যাদি মানবীয় গুণাবলি। মানবীয় গুণাবলি ছোটদের চরিত্রকে উন্নত করে। নিজ স্বার্থ ত্যাগ করে অন্যের উপকার করার মাধ্যমে মানবিক গুণাবলির আরও একটি গুণ উদারতা প্রকাশ পায়। উদ্দীপকে মনি ও তার বন্ধুরা গ্রামের বাড়ি পঞ্চগড়ে শীতার্ত মানুষদের মাঝে শীতবস্ত্র বিতরণ করে। এজন্য তারা বাড়ি বাড়ি গিয়ে পুরাতন শীতবস্ত্র সংগ্রহ করে। মনি ও তার বন্ধুদের সহযোগিতার ফলে মানুষগুলোর উপকার হলো। এৰেত্রে তাদের সহমর্মিতা, উদারতা ও সহযোগিতার মত আচরণ তথা মানবীয় গুণাবলির প্রকাশ পেয়েছে।

ঘ. উদ্দীপকে উলিৱখিত মতামতটি মনি ও তার বন্ধুদের। তারা মনে করে, "জীবনকে সুন্দর ও সাফল্যময় করতে হলে শিষ্টাচারী হওয়া প্রয়োজন।" মতামতটির গুরবত্ব রয়েছে। কেননা শিষ্টাচার সভ্যতার প্রতীক। এটি প্রকাশের মাধ্যমে মনের সুন্দর দিকগুলো ফুটে ওঠে। অন্যের ভালো–মন্দ, সুবিধা–অসুবিধা দেখার পাশাপাশি নিজের সাথে অপরের মঙ্গল কল্যাণের প্রচেষ্টা থাকলে সমাজের শিষ্টাচার সৃষ্টি হবে। ছোটরা ভদ্রতা, শ্রদ্ধাবোধ, সৌন্দর্যবোধ, শালীনতা ও আদব–কায়দা বজায় রেখে সমাজে চললেই শিষ্টাচার প্রকাশ পাবে। তাদের সুন্দরভাবে গড়ে ওঠার মধ্যেই রয়েছে দেশ ও জাতির কল্যাণ। তাই ছোটদের শৈশবকাল থেকে শিষ্টাচার শিখতে হয়। কারণ শিষ্টাচার চর্চা বা অভ্যাসের মাধ্যমে আয়ত্ত করতে হয়। উদ্দীপকে মনি ও তার বন্ধুরা নিজের গ্রামের দরিদ্র, শীতার্থ মানুষদের উপকার করেছে। তাদের মানবীয় গুণাবলি তাদেরকে তাদের জীবন সুন্দরভাবে গড়ে তুলতে সাহায্য করবে। তাই বলা যায়, মনি ও তার বন্ধুদের মতামতটি যথার্থ।

**প্রশ্ন –৪ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রিমু নিয়মিত স্কুলের বাড়ির কাজ করে না। শিৰকের পাঠ মনোযোগ দিয়ে শোনে না, শিৰককে সালাম দেয় না। এটি কাঙ্ক্ষিত শিৰার পরিবেশ সৃষ্টির বিপরীত আচরণ। আবার রিমুর পরিবারে থাকা বৃদ্ধ দাদা–দাদির উপদেশ মেনে চলে না, তাদের প্রতি সৌজন্যমূলক আচরণ ও তাদের সেবা করে না বলে তারা তাকে ভালোবাসে না।

ক. পিতা–মাতার পরেই কার স্থান? ১

খ. পারিবারিক গোপনীয়তা রৰা করা প্রয়োজন কেন? ২

গ. রিমু কোন ধরনের আচরণ করলে বয়োজ্যেষ্ঠদের ভালোবাসা পাবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রিমুর আচরণ কি কাঙ্ক্ষিত শিৰার পরিবেশ সৃষ্টিতে সহায়ক? তোমার উত্তরের পৰে যুক্তি দাও। ৪

### ▶◀ ৪নং প্রশ্নের উত্তর ▶◀

ক. পিতা–মাতার পরেই শিৰকের স্থান।

খ. অনেক সময় পরিবারের সদস্যদের মধ্যে মনোমালিন্য ও মতবিরোধ দেখা দেয়। এগুলো বাইরে প্রকাশ পেলে পরিবারের মান, মর্যাদা ও সম্মান নষ্ট হয়। এছাড়া পরিবারে আরও অনেক বিষয় থাকে যেগুলো বাইরে প্রকাশ পেলে পরিবারের নিরাপত্তা নষ্ট হয়। বিপদও ঘটার সম্ভাবনা থাকে। তাই পারিবারিক গোপনীয়তা রৰা করা প্রয়োজন।

গ. রিমু বয়োজ্যেষ্ঠদের প্রতি ভদ্রতামূলক আচরণ করলে তাদের ভালোবাসা পাবে। কারণ বড়দের প্রতি সৌজন্যমূলক আচরণ ও শ্রদ্ধাবোধ তাদের স্নেহ, ভালোবাসা অর্জনে সহায়ক। রিমু তার পরিবারে থাকা বৃদ্ধ দাদা–দাদির উপদেশ মেনে চলে না, তাদের সেবা করে না ও তাদের সাথে ভালো আচরণ করে না। তাই তারাও তাকে ভালোবাসে না। কিন্তু রিমু যদি তাদের কথা মন দিয়ে শোনে, তাদের উপদেশ মেনে চলে, প্রয়োজনে সহযোগিতা করে, তাদের সেবা করে তবে তাদের প্রতি তার শ্রদ্ধা প্রকাশিত হবে। যেহেতু তারা বৃদ্ধ এবং সব সময় একাকিত্বে ভোগেন তাই তাদের কাজ করে দিলে, তাদের সঙ্গ দিলে এবং তাদের সাথে গল্প করলে তারা রিমুর প্রতি খুশি হবেন এবং রিমুকে ভালোবাসবেন।

ঘ. রিমুর আচরণ কাঙ্ক্ষিত শিৰার পরিবেশ সৃষ্টিতে কোনো মতেই সহায়ক নয়। কারণ শিৰকের স্থান হচ্ছে পিতামাতার পরেই। তাই শিৰকের প্রতি প্রকৃত সম্মান ও শ্রদ্ধাবোধ নিয়েই পাঠ গ্রহণ করতে হবে। শিৰকের আদর্শ মেনে চলতে হবে, তাদের সাথে ভদ্র ও নম্র আচরণ করতে হবে। পাঠদানকালে অত্যন্ত মনোযোগের সাথে শিৰকের কথা শুনতে হবে। শিৰকের দেওয়া বাড়ির কাজ, শ্রেণির কাজ সম্পাদন করে তার নির্দেশ পালন করার মাধ্যমে তাকে শ্রদ্ধা ও সম্মান জানাতে হবে। এতে করে শিৰকের সাথে ছাত্রছাত্রীর সম্পর্ক ঘনিষ্ঠ হবে এবং শিৰার কাঙ্ক্ষিত পরিবেশ সৃষ্টি হবে। কিন্তু উদ্দীপকের রিমু নিয়মিত স্কুলের বাড়ির কাজ করে না, পাঠ মনোযোগ দিয়ে শোনে না এবং শিৰককে সালাম দেয় না। তাই বলা যায়, রিমুর আচরণ কাঙ্ক্ষিত শিৰার পরিবেশ সৃষ্টিতে সহায়ক নয়।

**প্রশ্ন –৫ ▶ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

ঘটনা–১ : সাজেদের বয়স ১৫ বছর ও মিতার বয়স ৮ বছর। তারা দু'ভাইবোন। একসাথে স্কুলে যাওয়ার পথে মিতা কলার খোসায় পা পিছলে পড়ে ব্যথা পেল। সাজেদ বোতলের পানি দিয়ে মিতার আঘাতপ্রাপ্ত স্থান ধুয়ে দিল। তারপর তাকে কোলে তুলে নিল।

ঘটনা–২ : আরিফ কলহপ্রিয় হওয়ার কারণে বন্ধুদের সাথে মারামারি করে। অন্যের কষ্টে সহানুভূতি দেখায় না। কাজে কর্মে ধৈর্যশীল নয়, সঠিক সিদ্ধান্ত নিতে পারে না। তার মা–বাবা তাকে নিয়ে খুব চিন্তিত। তারা তাকে অনেক পরামর্শ দিলেন। কিন্তু সে তাদের কোনো কথা শোনে না। তাই মা–বাবা তার সমবয়সী বন্ধু রাশেদকে এ সমস্যার কথা জানালেন।

ক. বন্ধু নির্বাচনের গুরবত্বপূর্ণ বিষয় কী? ১

খ. বড়দের প্রতি শ্রদ্ধাবোধ থাকা দরকার কেন? ২

গ. সাজেদের আচরণ পাঠ্যপুস্তকের কোন আচরণকে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. আরিফের আচরণ পরিবর্তনের ৰেত্রে সমবয়সী বন্ধু হিসেবে রাশেদের ভূমিকা মূল্যায়ন কর। ৪

### ▶◀ ৫নং প্রশ্নের উত্তর ▶◀

ক. বন্ধু নির্বাচনের গুরবত্বপূর্ণ বিষয়টি হচ্ছে একে অপরের প্রতি বিশ্বাস থাকা।

খ. বড়দের প্রতি সৌজন্যমূলক আচরণ ও শ্রদ্ধাবোধ তাদের স্নেহ, ভালোবাসা অর্জনে সহায়ক। অতি শৈশব থেকে বড়রা আমাদের অনেক স্নেহ করেন, অনেক দোয়া করেন। তাই বৃদ্ধ বয়সে তারা যাতে কোনো দুঃখকষ্ট না পান সেদিকে খেয়াল রাখা আমাদের কর্তব্য। তাই বড়দের প্রতি আমাদের সবার শ্রদ্ধাবোধ থাকা প্রয়োজন।

গ. সাজেদের আচরণ পাঠ্যপুস্তকে উলিৱখিত ছোটদের প্রতি দায়িত্ব পালনকে নির্দেশ করছে। যেমন– ছোটদের স্নেহ ও ভালোবাসা দেওয়া, প্রয়োজনে সহযোগিতা করা, তাদের মধ্যে আত্মবিশ্বাস জাগ্রত করা ইত্যাদি। বড়দের ভালো কাজের দৃষ্টান্ত রাখতে হয়। কারণ ছোটরা তাদের অনুকরণ করে। উদ্দীপকে সাজেদ ও মিতা দুই

ভাইবোন। তারা স্কুলে যাওয়ার পথে মিতা পড়ে গিয়ে পায়ে ব্যথা পেলে সাজেদ তার পা পানি দিয়ে ধুয়ে দেয় ও তাড়াতাড়ি তাকে কোলে তুলে নেয়। এ থেকে ছোট বোনের প্রতি সাজেদের দায়িত্ব ও স্নেহ প্রকাশ পায়। তাই বলা যায়, সাজেদের আচরণ পাঠ্যপুস্তকের ছোটদের প্রতি দায়িত্ব ও স্নেহের আচরণকে নির্দেশ করছে।

ঘ. আরিফের আচরণ পরিবর্তনের ৰেত্রে সমবয়সী বন্ধু রাশেদের ভূমিকা অনেক গুরবত্বপূর্ণ। উদ্দীপকে আরিফ কলহপ্রিয় হওয়ার কারণে বন্ধুদের সাথে মারামারি করে। অন্যের কষ্টে সহানুভূতি দেখানো, ধৈর্যশীল হওয়া, সঠিক সিদ্ধান্ত নেওয়া এর কোনো গুণই তার মধ্যে নেই। তার বাবা–মা তাকে অনেক পরামর্শ দিলেও সে তাদের কোনো কথাই শোনে না। তাই তারা তার সমবয়সী বন্ধু রাশেদকে সব সমস্যার কথা বললে সে আরিফের সাথে ভাবের আদান–প্রদান করে। আরিফ তার কথা শুনে তার আচরণে পরিবর্তন ঘটাল। কারণ, সমবয়সীদের মধ্যে যেমন বয়সের মিল থাকে তেমনি মনেরও অনেক মিল থাকে। আর তাই পরস্পরের প্রতি আকষর্ণ সবচেয়ে বেশি থাকে সমবয়সীদের মধ্যে। সামাজিকীকরণ প্রক্রিয়ায় কৈশোর বয়সে এমন অনেক চাহিদা থাকে যা মা–বাবা, শিৰক পূরণ করতে পারে না। সে সকল ৰেত্রে সমবয়সী বন্ধুরা অনেক গুরবত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সুতরাং বলা যায়, আরিফের আচরণ পরিবর্তনের ৰেত্রে সমবয়সী বন্ধু রাশেদের গুরবত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৬ ▶** আলালের মধ্যে আগ্রাসী মনোভাব থাকায় কেউ তাকে খেলতে নিত না। সমবয়সী দুলাল তাকে দলে নিল ও ধীরে ধীরে ন্যায়পরায়ণতা, শৃঙ্খলা, সহমর্মিতা, সহযোগিতা ইত্যাদির গুরবত্ব সম্পর্কে বোঝাল। পরবর্তীতে সকলে তাকে পছন্দ করলেও দেখা গেল বাবা–মায়ের তুলনায় সমবয়সীদের কথায় সে বেশি গুরবত্ব দিচ্ছে।

ক. আমরা সবাই কোথায় বাস করি? ১

খ. বিশেষ চাহিদা সম্পন্ন শিশু কারা? বুঝিয়ে লেখ। ২

গ. দুলাল কীভাবে আলালের মনোভাবে পরিবর্তন আনল? ব্যাখ্যা কর। ৩

ঘ. আলালের জীবনে সমবয়সীদের ভালোমন্দ দিক বিশেৰষণ কর। ৪

**প্রশ্ন –৭ ▶** রিতা পিতামাতা ও শিৰকের কথা শোনে না। শ্রেণির কাজ সম্পাদন করে না। সহপাঠীদের সাথেও তার আচরণ ভালো নয়। তাই সকলেই তাকে অপছন্দ করে এবং এড়িয়ে চলে। শিৰক তার পিতামাতাকে রিতার প্রতি আরও যত্নবান হতে বললেন। ভালো ও নৈতিক গুণগুলো বাড়িতে শেখাতে বললেন। শিৰকও এ ব্যাপারে সহায়তার চেষ্টা করবেন বললেন।

ক. শিষ্টাচারের মাধ্যমে কী ফুটে ওঠে? ১

খ. দলের প্রতি কেমন আচরণ করতে হয়? ২

গ. রিতা কীভাবে সকলের সন্তুষ্টি অর্জন করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রিতার আচরণ পরিবর্তনে বয়োজ্যেষ্ঠদের ভূমিকা রয়েছে তোমার মতামত দাও। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ শিষ্টাচার কিসের প্রতীক?**
**উত্তর :** শিষ্টাচার সভ্যতার প্রতীক।

**প্রশ্ন ॥ ২ ॥ জীবনকে সুন্দর ও সাফল্যময় করতে হলে কী করতে হবে?**
**উত্তর :** জীবনকে সুন্দর ও সাফল্যময় করতে হলে অবশ্যই শিষ্টাচারী হতে হবে।

**প্রশ্ন ॥ ৩ ॥ মানবীয় গুণাবলি কোথা থেকে অর্জিত হয়?**
**উত্তর :** মানবীয় গুণাবলি পরিবার থেকে অর্জিত হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ মানবীয় গুণাবলি আমাদের কী উন্নত করে?**
**উত্তর :** মানবীয় গুণাবলি আমাদের চরিত্র উন্নত করে।

**প্রশ্ন ॥ ৫ ॥ বড়দের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো কী রকম দায়িত্ব?**
**উত্তর :** বড়দের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো নৈতিক দায়িত্ব।

**প্রশ্ন ॥ ৬ ॥ বন্ধুত্ব সৃষ্টির জন্য কীসের মিল বেশি প্রয়োজন?**
**উত্তর :** বন্ধুত্ব সৃষ্টির জন্য মনের মিল বেশি প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৭ ॥ কাদেরকে প্রতিবন্ধী বলে?**
**উত্তর :** যাদের হাত–পা নেই; চোখে দেখে না; কানে শোনে না; কথা বলতে পারে না; দেহের গঠন স্বাভাবিক নয় এবং যাদের বুদ্ধি কম তাদেরকে প্রতিবন্ধী বলে।

**প্রশ্ন ॥ ৮ ॥ পরিবারের গোপন বিষয় কী?**
**উত্তর :** যে বিষয়গুলো পরিবারের বাইরের কেউ জানলে পরিবারের মান, মর্যাদা, সম্মান নষ্ট হতে পারে বা পরিবারে বিপদ আসতে পারে সেগুলোই পরিবারের গোপন বিষয়।

### ● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

**প্রশ্ন ॥ ১ ॥ দেশ ও জাতির কল্যাণ কীভাবে নিশ্চিত করা যায়?**
**উত্তর :** আমরা যদি ছোটবেলা থেকেই ভদ্রতা, শ্রদ্ধাবোধ, সৌন্দর্যবোধ, শালীনতা ও আদব-কায়দা বজায় রেখে সমাজে চলি এবং সভ্য, সঠিক ও সুন্দরভাবে জীবনকে গড়ে তুলি তাহলেই দেশ ও জাতির কল্যাণ নিশ্চিত হবে।

**প্রশ্ন ॥ ২ ॥ বড়দের প্রতি শ্রদ্ধা ও সম্মান কীভাবে দেখানো যায়?**
**উত্তর :** বড়দের সাথে দেখা হলে তাদেরকে সালাম জানাতে হবে। তাদের কথা মন দিয়ে শুনতে হবে। কথার মাঝে কোনো কথা বলা যাবে না। তাদের আদেশ-উপদেশ মেনে চলতে হবে। তাদের কথা পছন্দ না হলে সম্মানের সাথে নিজের মতামত জানাতে হবে। বৃদ্ধ দাদা-দাদি, নানা-নানির সেবা করতে হবে, তাদের সঙ্গ দিতে হবে। এভাবে বড়দের প্রতি শ্রদ্ধা ও সম্মান দেখানো যায়।

**প্রশ্ন ॥ ৩ ॥ জীবন গঠনে শিৰকের অবদান আলোচনা কর।**
**উত্তর :** শিৰক হচ্ছে মানুষ গড়ার কারিগর। শিৰক জ্ঞান দান করেন সেই জ্ঞান অর্জনের মাধ্যমে জীবনকে গড়ে তোলার জন্য। শিৰকগণ সন্তানের মতো কল্যাণ কামনা করে ছাত্রদের গড়ে তোলেন। শিৰকের সাথে ছাত্রছাত্রীর সম্পর্ক ঘনিষ্ঠ ও সম্মানজনক হলে জীবন গঠনে তা সহায়ক ভূমিকা রাখে।

**প্রশ্ন ॥ ৪ ॥ উত্তম বন্ধু বলতে কী বোঝায়?**
**উত্তর :** যাদের আচরণ ভালো, অন্যের ৰতি করেনা, নিয়ম মেনে চলে, বিনয়ী, সহানুভূতিশীল ও সহমর্মিতাবোধ আছে তারাই উত্তম বন্ধু। যাদের মধ্যে মনের মিল বেশি তাদের মধ্যেই সৃষ্টি হয় বন্ধুত্বের। এছাড়া বন্ধু নির্বাচনের আর একটি গুরবত্বপূর্ণ বিষয় হচ্ছে একে অপরের প্রতি বিশ্বাস থাকা।

**প্রশ্ন ॥ ৫ ॥ একজন বাক প্রতিবন্ধীর সাথে আমাদের আচরণ কীরূ প হওয়া প্রয়োজন?**

**উত্তর :** একজন বাকপ্রতিবন্ধীর অনেক কষ্ট। তার সাথে এমন আচরণ করতে হবে যাতে সে নিজেকে অসহায় মনে না করে। সুন্দর আচরণই তাকে সামনে এগিয়ে যাওয়ার প্রেরণা দিবে। সে যাতে পড়াশোনা শিখতে পারে, তার জন্য তাকে প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। তার সাথে খেলাধুলা করতে হবে তাকে সঙ্গ দিতে হবে।